**2023**

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
Nagaon : Assam

# BENGALI

( Honours Core )

Paper : BEN-HC-6016

( সাহিত্যের সংজ্ঞা ও সংরূপ )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ট্রয়যুদ্ধ-সংক্রান্ত নানা ধরনের ব্যালাড থেকে হোমার কোন্ মহাকাব্যটি রচনা করেন ?

(খ) টমাস হার্ডি রচিত সারস্বত মহাকাব্য কোনটি ?

(গ) 'শাহ্‌নামা' কোন্ শতাব্দীতে রচিত হয়েছিল ?

(ঘ) ব্যালাড জাতীয় রচনাকে দীনেশচন্দ্র সেন কী নাম দিয়েছিলেন ?

(ঙ) পিণ্ডার কোন্ দেশের কবি ছিলেন?

(চ) *The Oxford Ballads* (1910) সংকলনটির সম্পাদক কে?

(ছ) কোন্ প্রাচীন শহরে সর্বপ্রথম কাঠের অ্যাম্পিথিয়েটার নির্মিত হয়েছিল?

(জ) বেনিয়ন রচিত রূপকধর্মী গদ্য আখ্যানটির নাম কী?

(ঝ) ইংরেজি novel শব্দটির উৎস-শব্দ novella কোন্ ভাষা থেকে আগত?

(ঞ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রথম সার্থক ছোটগল্পটির নাম লেখো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) প্রাচীন ইরানীয় সাহিত্যের দুখানি মহাকাব্য ধরনের রচনার নাম লেখো।

(খ) মহাকাব্যের লক্ষণ সম্পর্কে সুদীর্ঘ আলোচনা রয়েছে এমন দুখানি সংস্কৃত অলঙ্কার-শাস্ত্রগ্রন্থের নাম লেখো।

(গ) প্রাচীন গ্রীসে কোন্ বাদ্যযন্ত্র ব্যবহার করে গান পরিবেশিত হত? এই ধরনের গানগুলিকে কী নাম দেওয়া হয়েছিল?

(ঘ) এমন দুজন পাশ্চাত্য নাট্যকারের নাম লেখো যাঁদের রচনায় ক্লাসিক, রোমান্টিক ও বাস্তবরীতির অনুসরণ লক্ষ্য করা যায়।

(ঙ) 'দময়ন্তীকথা' গ্রন্থটির রচয়িতা কে? এই গ্রন্থটিকে অন্য কী নামে অভিহিত করা হয়?



Anandaram Dhekial Phookan College Library * Nagaon : Assam *
Acc. No.
Date



৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **চারটি**) : ৫×৪=২০

(ক) 'Primitive Epic' কাকে বলে? এই ধরনের দুটি epic-এর নাম উল্লেখ করো। ৩+২=৫

(খ) হোমার সম্পর্কে যা জান লেখো।

(গ) বাংলা ভাষায় রচিত কোন্ ধরনের রচনাকে ব্যালাড জাতীয় রচনা বলা যায়? এই ধরনের বাংলা রচনাগুলির মধ্য থেকে যে কোনো একটির নাম লেখো। ইংরেজি ও স্কটিশ ভাষায় রচিত অন্তত তিনটি ব্যালাড-সংগ্রহের নাম লেখো। ১+১+৩=৫

(ঘ) "কবিচিত্তের ব্যক্তিগত অনুভূতি—সংবেদনের মন্ময়তা সত্ত্বেও গীতিকবিতার এক সর্বজনীন আবেদন ও মূল্য থাকে।" মন্তব্যটি ব্যাখ্যা করো।

(ঙ) গ্রিক নাটকের 'ত্রয়ী ঐক্য' বা 'three unities' সম্বন্ধে যা জান লেখো।

(চ) 'আখ্যায়িকা' ও 'কথা'র মধ্যে মূল প্রভেদ কী? উভয় ধরনের রচনার তিনটি করে উদাহরণ দাও। ২+১$\frac{১}{২}$+১$\frac{১}{২}$=৫

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **চারটি**) : ১০×৪=৪০

(ক) 'সারস্বত'. মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি লেখো ও বাংলাভাষায় রচিত একটি সার্থক সারস্বত মহাকাব্যের পরিচয় দাও।

(খ) মহাকাব্য কীভাবে সৃষ্টি হয়েছিল সে বিষয়ে একটি যথাযথ বিবরণ তুলে ধরো।

(গ) গীতিকবিতার স্বরূপ সম্পর্কে একটি পর্যালোচনা প্রস্তুত করো।

(ঘ) বিষয়ানুসারে বিভাজিত গীতিকবিতার যে কোনো চারটি শ্রেণির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) ব্যালাড বলতে কী বোঝায়? ব্যালাডের বৈশিষ্ট্যগুলি সম্পর্কে যথাযথ আলোচনা করো।

(চ) ''ছোটগল্পের যথার্থ বিকাশ শুরু হয় পাশ্চাত্যে—উনিশ শতক থেকে।''—এই মন্তব্যটির পরিপ্রেক্ষিতে পাশ্চাত্যে ছোটগল্প-ধারার বিকাশ সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনা প্রস্তুত করো।

(ছ) উপন্যাসের কাঠামো বা বিষয় সম্পর্কে যা জান লেখো।

(জ) কমেডি নাটক কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করো।

***

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
* Nagaon : Assam *